বিশ্বায়িত পৃথিবীতে বাংলাদেশ[১]

ড. আবুল বারকাত

"গ্লোবালাইজেশন" বা বিশ্বায়ন বা গোলকায়ন - কোনো অবান্তর ধারণা নয়। বিশ্বায়ন আজ বাস্তবতা। পুঁজিসহ উৎপাদনের সকল উপকরণ-এর আন্তর্জাতিকীকরণ প্রক্রিয়ায় আজকের বিশ্বায়ন-এর আবির্ভাব। এ বিশ্বায়ন কি; আমাদের অর্থনীতি, সমাজ, রাষ্ট্রে তার অভিঘাত-এর স্বরূপ কেমন এবং আমাদের করণীয় নির্ধারণ এসবই ছিল আজকের আলোচ্য। সংশ্লিষ্ট বিষয়ে আমাদের জ্ঞান-ভিত্তি সুদৃঢ় করা ও করণীয় নির্দিষ্ট করাটা জরুরি। এসব বিবেচনা থেকে আজকের লোকবক্তৃতাটি ছিল সময়োপযোগী।

বিশ্বায়ন যেমন বাস্তবতা সম্পদের অসম বণ্টনও তেমনি বাস্তবতা। বিশ্বের ৬০০ কোটি মানুষের ২৫০ কোটি এখনও দারিদ্র অথচ মাত্র ১০টি বহুজাতিক কর্পোরেশন বিশ্বের এক-তৃতীয়াংশ সম্পদ নিয়ন্ত্রণ করছে, উত্তরের দেশগুলি অর্থনৈতিক ও রাজনৈতিকভাবে বিশ্বনিয়ন্ত্রকের ভূমিকায় অবতীর্ণ হয়েছে, দারিদ্র দেশগুলির মধ্যেও সম্পদের মালিকানা ও পরিভোগে ধনী-দরিদ্র বৈষম্য বৃদ্ধি পচ্ছে এগুলোই হল প্রেক্ষিত যার মধ্যে চলছে বিশ্বায়ন এবং WTO কেন্দ্রিক বিষয়াদি। এ বিশ্বায়নে আমাদের অর্থনীতি সমাজ রাষ্ট্রকে কেমন করে সাজাতে হবে যাতে দেশের মানব উন্নয়ন ত্বরান্বিত হতে পারে- এ সব সম্পর্কে নির্মোহ অনুসন্ধানের লক্ষ্যে খোলামেলা যুক্তিনির্ভর আলোচনার অবতারণা করেছেন প্রফেসর নুরুল ইসলাম। আমরা তার কাছে কৃতজ্ঞ।

আমরা বরাবরের মত বলতে চাই যে আমাদের কাছে "দেশের স্বার্থ, দেশের মানুষের স্বার্থ সব কিছুর ঊর্ধ্বে"। সে কারণেই বিশ্বায়ন ও বাংলাদেশ" শিরোনামের আজকের লোকবক্তৃতায় আমরা যেসব বিষয় কিছুটা অনুধাবন করেছি সেগুলি হল :

১। 'বিশ্বায়ন' আসলে কি? বিশ্বায়নে আমাদের জন্য আশার (ধনাত্মক) দিকগুলো কি কি, আর নিরাশার ও উদ্বেগের দিকগুলোই বা কি কি? নিরাশা ও উদ্বেগ দূর করার পথগুলোই বা কি?

২। কৃষি-ভিত্তিক এদেশে বিশ্বায়নের ফলে চিরাচরিত বীজভাণ্ডার বিনষ্ট হবার যে সম্ভাবনা দেখা দিয়েছে তা থেকে পরিত্রাণে করনীয় কি হতে পারে? জীব-বৈচিত্র সংরক্ষণের বিষয়টি কিভাবে দেখবো? কৃষির সব উপকরণই কি অধিক হারে বিশ্বায়ন এজেন্টদের হাতে চলে যাচ্ছে? এসবের ফলে কৃষিতে উৎপাদনের সম্পর্ক ও উৎপাদিকা শক্তিতে কি ধরেণের পরিবর্তন অনিবার্য হয়ে পড়েছে/পড়বে?

৩। বিশ্বায়ন আমাদের শিল্প বিকাশে সম্ভাবনা রহিত করছে, না'কি সম্ভাবনার দ্বার উন্মোচন করছে? সম্ভাবনাগুলো কি কি?

৪। WTO-র আওতায় আমাদের অন্যতম বৈদেশিক মুদ্রা অর্জনকারী পোশাক শিল্পের ভবিষ্যৎ ও সংশ্লিষ্ট নারী শ্রমশক্তির ভবিষ্যৎ কি? (বিশেষত ১১ সেপ্টেম্বর ও ইরাক পরবর্তী সময়ে)।

৫। মেধাস্বত্ব শর্তসমূহ আমাদের উপর কি ধরনের প্রভার ফেলবে? মূল অভিঘাতের স্বরুপটি কি? আমাদের অতি প্রিয় নিম গাছও কি আমাদের হাতছাড়া হয়ে গেল। তাহলে বিশ্বায়ন কি এমন একটি প্রক্রিয়া যার ফলে দুর্বলের মেধা স্বত্বাধিকারী হয়ে যাচ্ছে সবলেরা ?

[১] বাংলাদেশ অর্থনীতি সমিতি ও ব্রাক বিশ্ববিদ্যালয় কর্তৃক যৌথভাবে আয়োজিত, "বিশ্বায়িত পৃথিবীতে বাংলাদেশ"* শীর্ষক লোকবক্তৃতা উপলক্ষে পঠিত (ধন্যবাদ জ্ঞাপন) পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা: ২৮ জুন ২০০৩ ইং/১০ আষাঢ় ১৪০৮ বাং

৬। WTO-র আওতায় বিশ্বায়নের শর্তসমূহ আমাদের দেশে বৈদেশিক বিনিয়োগ ও বৈদেশিক পুঁজি প্রবাহে কি ধরণের প্রভাব ফেলছে ও ফেলবে? উত্তরের ধনী দেশ ও বহুজাতিক কর্পোরেশনসমূহ অপেক্ষাকৃত অনগ্রসর দেশ ও মানুষের উপর সম্ভাব্য কি ধরণের চাপ প্রয়োগে সক্ষম হবে? এক্ষেত্রে সামষ্টিক অর্থনীতিতে কি ধরণের পূনর্গঠন কাম্য ও সম্ভব ।

৭। বিশ্বায়ন আমাদের দেশের আর্থিক খাত ও পুঁজি বাজারে কি ধরণের পরিবর্তন অবশ্যম্ভাবী করছে/করবে? দক্ষিণ এশিয়ার আঞ্চলিক অর্থনৈতিক জোট ও একক মুদ্রা ব্যবস্থার সম্ভাবনা কতটুকু? বিশেষজ্ঞরা এ বিষয়ে কি ভাবছেন?

৮। বিশ্বায়নের ফলে তথ্য প্রযুক্তির যে দ্রুত বিস্তৃতি ঘটছে সেটা (বলা হচ্ছে) আমাদের জন্য আশার বিষয়। আশাটা কোথায় এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সেটা কিভাবে কাজে লাগানো যায়?

৯। বিশ্বায়নের ফলে আমাদের জাতীয় বাজারের কাঠামোতে কি ধরণের পরিবর্তন হতে যাচ্ছে? জাতীয় বাজার কি অধিক হারে পরনির্ভরশীল হতে চলেছে? তাহলে স্বদেশি বাজার সৃষ্টি ও তার বিকাশের কি হবে?

১০। বিশ্বায়ন উদ্ভুত অভিবাসন (গ্রাম থেকে শহরে, স্বদেশ থেকে বিদেশে, বিদেশে থেকে এদেশে) এর পরিণাম কি হতে পারে? গ্রাম থেকে শহরে অভিবাসন প্রক্রিয়া রোধে বিশ্বায়িত অর্থনীতি কাঠামোতে ভূমি-সংস্কার/কৃষি-সংস্কারসহ জন সম্পদে জনগণের অধিকার প্রতিষ্ঠার পথ আছে কি?

১১। বিশ্বায়নের জটিল প্রক্রিয়া নারীর উপর কি ধরণের অভিঘাত ফেলবে? বিশ্বায়নের জেন্ডার দিকসমূহ কিভাবে দেখবো; এ বিষয়ে করণীয় কি কি?

১২। বিশ্বায়নকৃত পুঁজিবাদ কি দ্রুত হারে আমাদের সামাজিক বন্ধন বিনষ্ট করছে? (যেমন অধিক হারে নিউক্লিয়ার পরিবার গঠন)।

১৩। বিশ্বায়ন কি ব্যক্তি মানুষ হিসাবে আমাদের পরস্পর পরস্পরকে দূরে ঠেলে দিচ্ছে? মানবিক মূল্যবোধ ও আত্মিক যোগাযোগ কি নিশ্চহ্ন করে দিচ্ছে? মানবিক মূল্যবোধহীন বিশ্বায়নে আমদের গন্তব্য কোথায়? তাহলে বিশ্বায়ন - কার স্বার্থে?

১৪। বিশ্বায়নের আওতায় পৃথিবী কি অধিক হারে গুটিকয়েক ক্ষমতাবান ও বিশাল ক্ষমতাহীন সমাজ এ দু'ভাগে অধিকতর বিভাজিত হচ্ছে? বিশ্বায়ন কি ক্ষমতাবানদের দ্বারা দুনিয়াকে ভাগ-বাটোয়ারা করার নুতন কৌশল? তাহলে বিশ্বায়ন কি আমাদের সে দিকে নিচ্ছে যখন পরিত্রাণের পথ হিসাবে এক সময় বলতে হবে "দুনিয়ার ক্ষমতাহীন - এক হও"? এবিষয়ে বিশেষজ্ঞরা কি ভাবছেন?

১৫। বিশ্বায়ন উদ্ভুত সমীকরণে আমাদের, মানব উন্নয়নের গতি প্রকৃতির স্বরুপটা কেমন? ব্যপক জনগোষ্ঠির জন্য অর্থনৈতিক সুযোগ, সামাজিক সুবিধাদি (শিক্ষা ও স্বাস্থ), রাজনৈতিক স্বাধীনতা, সচ্ছতার গ্যরান্টি ও সুরক্ষার নিশ্চয়তা বিধানে বিশ্বায়ন কি ধরনের ভূমিকা পালন করছে/করবে? বিশ্বায়ন (WTO-র সমীকরণে) যদি মানব উন্নয়ন ত্বরান্বিত করতে অক্ষম হয় (অথবা বিশ্বায়ন ও মানব উন্নয়ন যদি আদৌ সম্পর্কিত বিষয় না হয়ে থাকে) সেক্ষেত্রে আমাদের দেশে মানব উন্নয়ন কিভাবে নিশ্চিত হবে? এক্ষেত্রে আমদের আর্থ-সামাজিক রাজনীতিতে কি ধরণের পরিবর্তন জরুরি?

১৬। WTO-র আওতায় বিশ্বায়ন কি আমাদের দেশে জাতীয় বুর্জোয়া সৃষ্টির প্রতিবন্ধক হবে? ঐ বিশ্বায়ন কি এদেশে নিকৃষ্ট (দালাল) পুঁজির বিকাশ ত্বরান্বিত করবে? বিশ্বায়ন - অপ্রতিরোধ্য অথচ নিকৃষ্ট পুঁজির বিকাশ ছাড়া গতি নেই– এ অবস্থায় আমাদের সুস্থ বিকাশ কিভাবে সম্ভব ? পরিবর্তনটা কোথায় প্রয়োজন? কে করবে সে পরিবর্তন?

১৭। বিশ্বায়ন কি এমন অবস্থা শক্তিশালী (ত্বরান্বিত) করবে যখন অনাগ্রসর দেশের সম্পদ দ্রুত-ভিত্তিতে বহুজাতিক কর্পোরেশনের করায়ত্ব হয়ে যাবে? যেমন আমাদের মত দেশের গ্যাস, তেল, খনিজ সম্পদ, সমৃদ্ধ শ্রমসম্পদ ইত্যাদি।

১৮। বিশ্বায়ন কি বিশ্বের সকল দেশ ও রাষ্ট্রের অর্থনীতি, রাজনীতি ও সমাজ সত্ত্বাকে চরম শক্তিধর একক কোনো কেন্দ্র থেকে নিয়ন্ত্রণের প্রচেষ্টা? ঐ শক্তিটি কি মানুষকে ভালবাসে? উল্টোটা হলে তো মহাবিপর্যয়। বিশেষজ্ঞরা কি ভাবছেন?

১৯। অর্থনৈতিক লুণ্ঠন ও রাজনৈতিক দুবৃত্তায়ণ যখন চরম রূপ পরিগ্রহ করেছে সেক্ষেত্রে বিশ্বায়ন পক্রিয়া কি এ দেশে লুণ্ঠনকারী ও দুবৃত্তদের সহায়ক শক্তি হিসাবে ক্রিয়া করবে? না'কি উল্টোটা হবে; না'কি এসব সম্পর্কহীন বিষয়? বিশেষজ্ঞদের অভিমত কি?

২০। বিশ্বায়ন ও সংশ্লিষ্ট সাংগঠনিক প্রক্রিয়া WTO-র আওতায় ধনাত্মক কিছু আছে কি না যেগুলো অনগ্রসর অর্থনীতির আমরা আমাদের স্বার্থে ব্যবহার করতে পারি? সেগুলো কি এবং আমরা কিভাবে সেটা করবো? না'কি বিশ্বায়ন হল বিশাল এক দানব যা আমাদের সবকিছু তছনছ করে দেবে? সেক্ষেত্রে দানবের সাথে লড়াই এর প্রস্তুতিতে অসুবিধা কোথায়? না'কি এটা এমন একটা দানব যার ঘাড়ে চড়া সম্ভব; বুদ্ধি খাটিয়ে যার ঘাড়ে চড়লে টের পাবে না? শেষোক্ত বিষয়টি সত্য হলে বিশেষজ্ঞদের মতামত জানা জরুরি।